

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি. ফেনী শাখা, ফেনী।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞাপ্তি (অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি ফেনী শাখা, ফেনী এর ঋণগ্রহীতা **জনাব সফিকুর রহমান**, পিতা-মৃত জান বক্স ভূঞা, সাং-উত্তর বিরিঞ্চি, ইলিয়াছ মেম্বার বাড়ী, উত্তরা আবাসিক এলাকা, পোঃ ফেনী-৩৯০০ থানা-ফেনী, জেলা-ফেনী কর্তৃক গ্রহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মজুরি পত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৫-০৩-২০১৭ইং তারিখ পর্যন্ত খেলাপি ঋণ বাবদ পাওনা মোট ট=৩০,৪৬,১৯২.২৭ (ত্রিশ লক্ষ ছেচল্লিশ হাজার একশত বিরানব্বই টাকা সাতাশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী টিকানা সহ পুণাজ্ঞা ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ৩০-০৪-২০১৭ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউসিবি, ফেনী শাখা, ফেনী এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতা উদ্ভূত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ডাফট বা পে-অর্ডার ইউসিবি ফেনী শাখা, ফেনী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। দরদাতা উক্ত তফসিলের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-ফেনী, থানা-ফেনী ও সাব-রেজিস্ট্রি অফিস-ফেনী, মোজা- বিরিঞ্চি, জে, এল নং ৯১(পুরাতন) ৬২ (নতুন) সি.এস খতিয়ান নং-২৭৬, এম.আর ও আর খতিয়ান নং-৭৪৮, বি.এস খতিয়ান নং ১৯৭১(ডিপি) নামজারি খতিয়ান নং-২৬৭৩, সি.এস দাগ নং-৪০১, এম.আর ও আর দাগ নং ৪৭২ বি.এস দাগ নং-১৫১৭ মোট জমির পরিমাণ ০৬.০০ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-পোরসভার রাস্তা, দক্ষিণে-নিজ (পুকুর), পূর্বে-পোরসভার রাস্তা এবং পশ্চিমে-তাজুল ইসলাম ভূঞা।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩০-০৪-২০১৭ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ ফেনী শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরদাতা, উদ্ভূত দর অনুধর্ব ১০,০০,০০০(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভূত দর ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুধর্ব ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ভূত দর ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনুধর্ব ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকার উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুধর্ব ৫০,০০,০০০(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেঃ
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য গুরু প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.

ফেনী শাখা, ফেনী